

"জাতি গঠনে শিক্ষার ভূমিকা: বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন ও বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে "জাতি গঠনে শিক্ষার ভূমিকা: বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন ও বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত।

২৭ জুলাই-২০২১, মঙ্গলবার, সময়: রাত ৮টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে জাতি গঠনে শিক্ষার ভূমিকা: বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন ও বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা শীর্ষক ওয়েবিনার অনলাইন জুম প্লাট ফর্মে অনুষ্ঠিত হয়।




এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম. পি।

ওয়েবিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর সভাপতিত্বে মূখ্য আলোচক হিসেবে বাংলাদেশে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মশিউর রহমান ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

আলোচক হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবির ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়াও ওয়েবিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শামছুন নাহার।

ওয়েবিনার এ ধন্যবাদ জ্ঞাপন করেন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম এবং সঞ্চালনায় ছিলেন অধ্যাপক ড. সুব্রত চন্দ্র রায় ও সহযোগী অধ্যাপক নাফিস আহমদ। এসময় বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।